সংবাদ

30 DEC 2002

## রাজধানীর স্কুলে ভর্তিযুদ্ধ

# নামি-দামি স্কুলে ছাত্রছাত্রী অভিভাবকদের ভিড়

নিজস্ব বার্তা পরিবেশক ঃ রাজধানীতে এখন চলছে ভর্তির মৌসুম। ভর্তি নিয়ে দেখা গেছে দুই বিপরীত চিত্র। একদিকে নামি-দামি স্কুলগুলোতে সন্তানদের ভর্তি করানোর জন্য অভিভাবকদের উৎকণ্ঠা, ভর্তি ফরম সংগ্রহের জন্য উপচেপড়া ভিড়, অন্যদিকে ব্যানার, পোস্টার, দেয়াল লিখন প্রভৃতির মাধ্যমে বিভিন্ন বেসরকারি ও ইংলিশ মিডিয়ামগুলোতে ভর্তির বিজ্ঞাপন। এখানে অভিভাবক- শিক্ষার্থী কারও ভিড় নেই। এদিকে গত বছরের মতো কেন্দ্রীয়ভাবে

ভর্তিযুদ্ধ পৃঃ ১১ কঃ ৩

## ভর্তিযুদ্ধ ঃ স্কুলে

( ১ম পৃষ্ঠার পর )

পরীক্ষা গ্রহণের ব্যবস্থার আওতায় আগামী ৯ই জানুয়ারি শুরু হচ্ছে রাজধানীর ২৪টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা।

খোঁজ নিয়ে দেখা গেছে, সরকারি স্কুলগুলোর মধ্যে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল প্রভৃতি স্কুল থেকে অভিভাবকরা ফরম সংগ্রহ করেছেন বেশি। আগামী ৫ই জানুয়ারি পর্যন্ত সরকারি স্কুলগুলোতে ফরম বিতরণ চলবে। রোববার গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল কর্তৃপক্ষ জানান, প্রতিদিন গড়ে প্রায় ৫শ' ফরম বিতরণ করা হচ্ছে। ৫ই জানুয়ারি ভর্তি ফরম বিক্রি শেষ হলে মোট ফরম বিতরণের তথ্য দেয়া যাবে বলে জানানো হয়। কর্তৃপক্ষ আরও জানান, এ স্কুলে প্রথম ও ষষ্ঠ শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে। প্রথম শ্রেণীতে ২শ' ৪০টি আসন খালি আছে। ষষ্ঠ শ্রেণীতে ২৪টি আসন প্রথম শ্রেণীর কোটা অনুসারে খালি আছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এ বছর ও গত বছরের মতো কেন্দ্রীয়ভাবে সরকারি স্কুলগুলোর পরীক্ষা গ্রহণ করা হবে। এজন্য ২৪টি স্কুলকে ৩টি গ্রুপে ভাগ করা হয়েছে। 'ক' গ্রুপে আছে গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। এসব স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ই জানুয়ারি।

'খ' গ্রুপে আছে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়। এসব স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১১ই জানুয়ারি।

১৩ই জানুয়ারি অনুষ্ঠিত হবে 'গ' গ্রুপভুক্ত স্কুলগুলোর ভর্তি পরীক্ষা। এ গ্রুপে আছে ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (টিকাটুলি), ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়।

বেসরকারি স্কুলগুলোর মধ্যে অভিভাবকদের পছন্দের তালিকায় শীর্ষে মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজ, ঢা রেসিডেন্সিয়াল মডেল হাইস্কুল, রাইে পাবলিক স্কুল ও কলেজ, ভিকারুন নিসা স্কুল ও কলেজ, উইলস লিটল ফ্লাওয়ার হলিক্রস স্কুল ও কলেজ, উদয়ন স্কুল প্র এসব স্কুলের মধ্যে মতিঝিল আইডিয়াল ও কলেজে ফরম বিতরণ চলবে ডিসেম্বর পর্যন্ত। প্রতিটি ফরমের মূল্য টাকা। এ স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৬ ও ৮ই জানুয়ারি। রাইফেলস পাবলিক ও কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হ আগামীকাল ৩১শে ডিসেম্বর। এ প্রতিষ্ঠানে এ বছর শুধু কেজি শ্রেণীতে ছাত্রভর্তি করা হবে। গত ২৮শে ডিসেম্বর ফরম বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজে ভর্তি ফরম বিতরণ চলবে আগামী ৮ই জানুয়ারি পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৯ই ও ১০ই জানুয়ারি। ভিকারুন নিসা নূন স্কুল ও কলেজে ভর্তি ফরম বিতরণ শেষ হয়েছে ৩১শে অক্টোবর। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৩রা জানুয়ারি।

রাজধানীর নামি-দামি স্কুলগুলোতে ভর্তিযুদ্ধের পাশাপাশি অভিজাত পাড়ার বেসরকারি ও ইংলিশ মিডিয়াম স্কুলগুলোতেও চলছে ভর্তি কার্যক্রম। রাজধানীর ধানমণ্ডি, মোহাম্মদপুর, গুলশান, বারিধারা, বনানী প্রভৃতি স্থানে অবস্থিত এসব স্কুলগুলোতে ভর্তির জন্য কোন ভিড় নেই। তার বদলে আছে ভর্তির জন্য আকর্ষণীয় বিজ্ঞাপন। অধিকাংশ স্কুলে প্রে-গ্রুপ থেকে দশম শ্রেণী এবং 'ও লেভেল'-এ ও ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। এ ভর্তি কার্যক্রম চলবে আগা ফেব্রুয়ারি মাস পর্যন্ত।